গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

# সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

website: www.gzmcfeni.gov.bd, e-mail: zmc_sskroadfeni@yahoo.com
Facebook page : সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী, EIIN:106643, Mobile: 01309-106643

স্মারক নং-সজিমক/২০২৫/২৮৬

তারিখ : ২৯/০৭/২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৪/০৭/২০২৫ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-১৪৬ মোতাবেক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫ অনুসারে সরকারি জিয়া মহিলা কলেজের একাদশ শ্রেণির প্রাথমিক আবেদন ও ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে।

১। প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

| বিভাগ | জি.পি.এ |
|---|---|
| বিজ্ঞান | ৩.৫০ |
| ব্যবসায় শিক্ষা | ৩.৫০ |
| মানবিক | ৩.০০ |

২। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :

২.১ ২০২৩, ২০২৪, ২০২৫ সালের দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি পূরণ সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর উপনীতি (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে :

২.৩.১ বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটিতে ভর্তি হতে পারবে। তবে বিজ্ঞান বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য বিভাগে ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই।

২.৩.২ মানবিক বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোনটি এবং ব্যবসায় শিক্ষা বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের যে কোনটি

২.৩.৩ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোনটি

২.৩.৪ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোন বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

## ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)<br>**অনলাইনে আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য। | ৩০/০৭/২০২৫ (বুধবার) থেকে ১১/০৮/২০২৫ (সোমবার) |
| ২. | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১২/০৮/২০২৫ (মঙ্গলবার) |
| ৩. | শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১৩/০৮/২০২৫ (বুধবার) থেকে ১৪/০৮/২০২৫ (বৃহস্পতিবার) |

| | | |
|---|---|---|
| ৪. | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১৫/০৮/২০২৫ (শুক্রবার) |
| ৫. | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২০/০৮/২০২৫ (বুধবার রাত ৮:০০টায়) |
| ৬. | শিক্ষার্থীর **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ফল প্রকাশের পর থেকে ২২/০৮/২০২৫ (শুক্রবার) (রাত ৮:০০ টায়) |
| ৭. | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ২৩/০৮/২০২৫ (শনিবার) থেকে ২৫/০৮/২০২৫ (সোমবার রাত ০৮:০০টা পর্যন্ত) |
| ৮. | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৯. | ২য় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০টায়) |
| ১০. | ২য় পর্যায়ের শিক্ষার্থীর **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ২৯/০৮/২০২৫ (শুক্রবার) থেকে ৩০/০৮/২০২৫ (শনিবার রাত ৮:০০টা পর্যন্ত) |
| ১১. | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২৫ (রবিবার) থেকে ০১/০৯/২০২৫ (সোমবার) |
| ১২. | পছন্দ অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০টায়) |
| ১৩. | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০টায়) |
| ১৪. | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে) | ০৪/০৯/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ১৫. | সর্বশেষ মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৫/০৯/২০২৫ (শুক্রবার) |
| ১৬. | ভর্তি | ০৭/০৯/২০২৫ (রবিবার) থেকে ১৪/০৯/২০২৫ (রবিবার) |
| ১৭. | ক্লাস শুরু | ১৫/০৯/২০২৫ (সোমবার) |

- অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।
- কোটা নির্বাচনের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে। কোটার স্বপক্ষে যথাযথ কাগজপত্র না থাকলে কোটায় আবেদন করা যাবে না। কোটায় ভর্তি স্বপক্ষে যথাযথ কাগজপত্র বোর্ডে প্রেরণ করার পর কোন শিক্ষার্থী যদি ভুল বা অসত্য কাগজপত্র জমা দেয় তাহলে তার ভর্তি বাতিল বা জটিলতা সৃষ্টি হলে শিক্ষার্থীর বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোটার ক্ষেত্রে একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা-২০২৫ এর উপনীতি ৩.২ এ বর্ণিত কোটা পদ্ধতি শুধু ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য হবে।
- শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।
- ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে অবশ্যই ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা অনলাইনে জমা দিয়ে ভর্তির নিশ্চায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নিশ্চায়ন ফি জমা না দিলে নির্বাচনটি বাতিল হয়ে যাবে।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোহাম্মদ মাহাবুবুল করিম)
অধ্যক্ষ
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

প্রফেসর মোহাম্মদ মাহাবুবুল করিম
আইডি- ৯৬৭৫
অধ্যক্ষ
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

(মোহাম্মদ ইমাম হোসেন)
সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান ও
আহবায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২৫-২০২৬
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী